
## 27.4 ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি (Cost-push Inflation)

অর্থব্যবস্থায় মুদ্রাস্ফীতির কারণ বিশ্লেষণে চিরাচরিত প্রথা হিসাবে চাহিদার ওপর গুরুত্ব দেওয়া হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের (1939-45) পর দামস্তর বৃদ্ধির কারণ হিসাবে মোট ব্যয় বা সামগ্রিক জোগানের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। উৎপাদন ব্যয় বৃদ্ধির ফলে দেশে মুদ্রাস্ফীতির প্রক্রিয়া শুরু হয়। ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির অন্যতম কারণ হল মজুরি বৃদ্ধি। শ্রমিকসংঘগুলোর শ্রমের জোগানের ক্ষেত্রে একধরনের একচেটিয়া আধিপত্য বিস্তার করে। শ্রমিক সংগঠনগুলো

যৌথ দরকষাকষির মাধ্যমে মালিকের ওপর চাপসৃষ্টি করে শ্রমিকদের জন্য উচ্চ মজুরি আদায় করে। এখানে জানা দরকার যে শ্রমিকের অতিরিক্ত চাহিদার জন্য মজুরির হার বেড়ে যায়নি। শ্রমিকসংঘের চাপেই মজুরির হার বেড়েছে। এই মজুরি বৃদ্ধি উৎপাদন ব্যয় বাড়িয়ে দেয় এবং ফলস্বরূপ মজুরি ও দামস্তরের বৃদ্ধি চক্রাকার গতিতে চলে। তবে, সমস্ত মজুরি বৃদ্ধিই মুদ্রাস্ফীতিতে ইন্ধন জোগায় না। যদি মজুরি বৃদ্ধির হার ও শ্রমিকের উৎপাদনশীলতার বৃদ্ধির হার একই হয় তাহলে ওই মজুরি বৃদ্ধি দামস্তর বৃদ্ধিতে কোনো সাহায্য করবে না। ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি পরিস্থিতির উদ্ভব তখনই হয়, যখন মজুরি বৃদ্ধির হার শ্রমিকের উৎপাদনশীলতার বৃদ্ধির হারকে ছাড়িয়ে যায়। এর ফলে সামগ্রিক জোগান রেখা বাঁদিকে স্থান পরিবর্তন করে। 27.2 চিত্রের ভূমিতল অক্ষে জাতীয় আয় বা উৎপন্নের পরিমাণ ও লম্ব অক্ষে দামস্তর পরিমাপ করা হয়েছে। মোট জোগান রেখা *AS* দ্বারা ও মোট চাহিদা রেখা *AD* দ্বারা চিহ্নিত করা হয়েছে। ধরা যাক, প্রারম্ভিক জোগান রেখা ও চাহিদা রেখা যথাক্রমে $AS_0$ এবং $AD_0$, পূর্ণনিয়োগের অবস্থায় আয় $0Y_f$ এবং দামস্তর $0P_0$। এখানে সামগ্রিক জোগান রেখা $AS_0$ অথবা $AS_1$ প্রথমদিকে ধনাত্মক ঢালবিশিষ্ট হলেও পূর্ণনিয়োগবিশিষ্ট আয়ের স্তরে সম্পূর্ণ অস্থিতিস্থাপক। এখন মজুরি বৃদ্ধির আন্দোলনে শ্রমিক-সংঘ সফল হলে এবং সামগ্রিক চাহিদা অপরিবর্তিত থাকলে, জোগান রেখা $AS_0$ থেকে $AS_1$-এর দিকে ওপরে উঠে যাবে। দামস্তর বেড়ে $0P'$ হবে, উৎপন্নের পরিমাণ কমে $0Y'$ হবে এবং নিয়োগস্তর হ্রাস পাবে। বেকারত্ব দূরীকরণের জন্য সরকার যদি সম্প্রসারণমূলক চাহিদার নীতি গ্রহণ করে তাহলে চাহিদারেখা স্থান পরিবর্তন করে $AD_1$-এ এসে দাঁড়াবে। এর ফলে উৎপন্নের পরিমাণ বেড়ে $0Y_f$ হলেও দামস্তর বেড়ে $0P_1$ হবে। এইভাবে মজুরি বৃদ্ধি ও দামস্তর বৃদ্ধি চক্রাকার গতিতে চলে।




*চিত্র 27.2 : ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি*

মজুরি বৃদ্ধি ছাড়া ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতির কারণ হলে কাঁচামালের দাম বৃদ্ধি, উচ্চস্তরে মুনাফার হার স্থির করা, কর হারের বৃদ্ধি ইত্যাদি। এছাড়া, ব্যয়বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি অনেক সময় বিদেশ থেকে 'আমদানি' করা হয়। যেমন, *OPEC* দেশগুলি কর্তৃক অপরিশোধিত তেলের দাম বৃদ্ধি আমদানিকৃত দেশগুলোতে মুদ্রাস্ফীতির হার বৃদ্ধিতে ইন্ধন জোগাচ্ছে।